



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



## জরুরি বিজ্ঞপ্তি

নং- ঢাশিবো/বি/২১০/রেজি:/৪৮৩

তারিখ : ২৬/০৫/২০২২

বিষয় : ২০২২ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত বাদ পড়া শিক্ষার্থীদের (eSIF পূরণের মাধ্যমে) অনলাইনে রেজিস্ট্রেশন করণ সহ ইতিপূর্বে ৮ম/২০২২ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তথ্য সংশোধন, সংযোজন, বিয়োজন সহ প্রয়োজনীয় তথ্যাদি অনলাইনে সংশোধন করণ প্রসঙ্গে।

অত্র বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক) সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম ইতিপূর্বে শেষ হয়েছে। এর মধ্যে বাদ পড়া শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে যে সমস্ত শিক্ষার্থী নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে পারেনি বা অন্য কোন কারণে বাদ পড়েছে সে সকল শিক্ষার্থীদের মানবিক দিক বিবেচনা করে অনলাইনে তথ্য আপলোড সহ রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। ইতিপূর্বে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের সংশোধন, সংযোজন, বিয়োজন সহ প্রয়োজনীয় তথ্যাদি অনলাইনে সংশোধন করা যাবে।

নিবন্ধনের সময়সীমা বিলম্ব ফিস ছাড়া আগামী ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত চলমান থাকবে।

### জনপ্রতি নিবন্ধন ও অন্যান্য ফি নিম্নরূপ

নিবন্ধন ফি (টাকায়)	রেডক্রিসেন্ট ফি (টাকায়)	মোট জরিমানা ছাড়া (টাকায়)
৫০/-	২৪/-	৭৪/-

উল্লেখ্য, বর্ণিত তারিখের পর পরবর্তীতে কোন অবস্থাতেই উক্তরূপ সংশোধন এবং বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করার সুযোগ দেয়া হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে রেজিস্ট্রেশন/সংশোধন না হলে এর দায় দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। বিষয়টি অতীব গুরুত্বের সাথে অনুসরণ/প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিশেষ দৃষ্টব্য: বিগত ২৪/০৩/২০২২ তারিখে স্মারক নং- ঢাশিবো/বি/৬৪/জেএসসি/এসএসসি রেজি:/৩১২ এর মাধ্যমে উল্লিখিত বিজ্ঞপ্তির অপরাপর শর্ত অপরিবর্তিত থাকবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান  
(নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক)

মেমো নং- ৪৮৩(১১)

তারিখ : ২৬/০৫/২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (হি: ও নি:), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
(পত্রটি ওয়েবসাইটে প্রকাশ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)
- ৬। উপ-পরিচালক (মাধ্যমিক), সংশ্লিষ্ট অঞ্চল।
- ৭। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ১০। পিএস-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। অফিস কপি।

  
২৬/০৫/২০২২  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।